দৈনিক সংবাদ

24

তারিখ ... 0 8 APR 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

# ময়মনসিংহে নিষিদ্ধ নোট বইয়ের ব্যবসা জমজমাট

ময়মনসিংহ জেলার নান্দাইল, ঈশ্বরগঞ্জ, গৌরীপুর, ফুলপুর, হালুয়াঘাট, ধোবাউড়া ও বিভিন্ন উপজেলার বিভিন্ন লাইব্রেরীতে সরকারীভাবে নিষিদ্ধ নোট বইয়ের ব্যবসা এখন জমজমাট।

ময়মনসিংহ ও গৌরীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, সরকার ১৯৮০ সাল থেকে ২য় শ্রেণী হতে অষ্টম শ্রেণী পর্যন্ত নোট বই প্রকাশ ও বিক্রি সম্পূর্ণভাবে নিষিদ্ধ ঘোষণা করেন। কিন্তু সরকারী নিষেধ উপেক্ষা করে দেশের বিভিন্ন জেলার বিভিন্ন প্রেসে ভূয়া বেনামী প্রকাশক ও মুদ্রাকরের নামে অসংখ্য ভুলেভরা হাজার হাজার নোট বই ছাপা হচ্ছে এবং এগুলো গোপনে এসব উপজেলার বিভিন্ন লাইব্রেরীতে বিক্রি করা হচ্ছে।

একদিকে ব্যবসায়ীরা এসব নিম্নমানের নোট বইয়ের মনগড়া বেশী মুল্য নির্ধারণ করে প্রচুর মুনাফা লুটছে অন্যদিকে লাভজনক কমিশন পেয়ে লাইব্রেরী মালিকরাও রাতারাতি বহু টাকা উপার্জন করছে।

সরকারীভাবে এসব নোট বই প্রকাশ ও বিক্রির ব্যাপারে কড়াকড়ি ব্যবস্থা গ্রহণ না করায় নিষিদ্ধ নোট বইয়ের ব্যবসা এখন জমজমাট।